গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সংস্থাপন শাখা**
সি.আর-৩ শাখা।

২৫ চৈত্র'১৪১৪ বাংলা
তারিখ-------------------------
০৮ এপ্রিল'২০০৮ খ্রিঃ

নং-কাম(সি.আর-৩) অধিশাখা পুনঃ১/২০০৬/৩৫

বিষয় ঃ এক পঞ্জিকা বছরে একাধিক বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল প্রসঙ্গে।

একজন অনুবেদনাধীন কর্মকর্তার এক পঞ্জিকা বছরে একাধিক নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অধীনে [illegible] অংশ [illegible] জিজ্ঞাসা [illegible] হয়ে থাকে। [illegible] নির্দেশনা জারী [illegible]।

ক) একজন অনুবেদনাধীন কর্মকর্তা এক পঞ্জিকা বছরে একই কর্মস্থলে একাধিক নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অধীনে কাজ করার ক্ষেত্রে অন্যূন ৬ (ছয়) মাস কাজ করেছেন এমন অনুবেদনকারী কর্মকর্তার তাঁর সারা বছরে এ.সি.আর অনুস্বাক্ষর করতে পারবেন।

খ) বিশেষ এসিআর গ্রহণের ক্ষেত্রে অন্যূন ৩ (তিন) মাস কাজ করেছেন এমন অনুবেদনকারী কর্মকর্তার নিকট থেকে খন্ড এসিআর গ্রহণ করা যাবে।

গ) একই পঞ্জিকা বছরে কোন অনুবেদনাধীন কর্মকর্তার কর্মস্থল একাধিক হলে তাঁকে পৃথক পৃথক খন্ড এসিআর দাখিল করতে হবে। তবে সে ক্ষেত্রে একজন অনুবেদনকারী কর্মকর্তার অধীনে তাঁর কর্মকাল অন্যূন ৩ (তিন) মাস হতে হবে।

ঘ) এসিআর দাখিলের ক্ষেত্রে অনুবেদন ফরমের ২য় অংশের ১৪ নং ক্রমিকে অনুবেদনকারী কর্মকর্তার অধীনে অনুবেদনাধীন কর্মকর্তার কর্মকালের প্রকৃত মেয়াদ লিপিবদ্ধ করতে হবে।

**স্বাক্ষরিত/- রহমত উল্লাহ মোঃ দস্তগীর**
উপ-সচিব (সি.আর)
ফোন ঃ ৭১৬৫৯৭১

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
প্রশাসন শাখা-১।

স্বঃ মঃ (প্রশা-১)-বিবিধ-৯/২০০০(অংশ)৫৭৪ তারিখ-১৫/০৪/২০০৮ খ্রিঃ।

বর্ণিত স্মারকের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

**স্বাক্ষরিত/- মহঃ মনিরুজ্জামান**
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৮২৩৷৷

বিতরণ ঃ
১। কারা মহা পরিদর্শক, [illegible]

কারা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-পাঃ/ওইটি-২৮/২০০৮/৩৬৬(২০) তারিখ [illegible]/০৫/২০০৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ-

১। কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর। (পত্রের কপি অধীনস্থ কারাগর সমূহে প্রেরণ নিশ্চিত করতে হবে)।

**স্বাক্ষরিত/- মোঃ মিজানুর রহমান**
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

**চলমান পৃষ্ঠা-২।**

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,
জাতীয় জনসংখ্যা নিয়ন্ত্রণ পরিষদ সচিবালয়

স্মারক নং/ জাজনিপ/নিক-৬/৯০/৬৬ | স্মারক লিপি | তারিখ ১৮-১০-৯০ ইং / ২-৭-১৭বাং

বিষয়ঃ- সরকারী কর্মকর্তা/কর্মচারীদের গোপনীয় প্রতিবেদন ফরমে তাদের সন্তান-সন্ততির সংখ্যা প্রতিফলন ।

নির্দেশক্রমে নিম্নস্বাক্ষরকারী জানাচ্ছে যে, জাতীয় জনসংখ্যা নিয়ন্ত্রণ পরিষদের নির্বাহী কমিটির ষষ্ঠ সভা ৩০ আগষ্ট, ১৯৯০ তারিখে মহামান্য রাষ্ট্রপতির সভাপতিত্বে আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত হয় । সভায় অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :-

সিদ্ধান্ত -৭°১(১) " সরকারী কর্মকর্তা/ কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন ফরমে তাদের সন্তান-সন্ততির সংখ্যা প্রতিফলিত হওয়ার ব্যবস্থা করতে হবে । সে উদ্দেশ্যে বর্তমানে প্রচলিত বার্ষিক গোপনীয় প্রতিবেদন ফরমের ১ম পৃষ্ঠার ওপরে ডান প্রান্তে ছকের মধ্যে বিবাহিত/অবিবাহিত/বিপত্নীক/বিধবা শব্দমালা ছকে গোপনীয় প্রতিবেদন ফরমের উপরে বামপ্রান্তে মুদ্রণ করা যেতে পারে । প্রস্তাবিত ছকের নমুনা নীচে দেখানো হলো :

| | |
|---|---|
| ১টি সন্তান | |
| ২টি সন্তান | |
| ২টির বেশী সন্তান | |

অনুস্বাক্ষর দিতে হবে ।

| | |
|---|---|
| বিবাহিত | |
| অবিবাহিত | |
| বিপত্নীক | |
| বিধবা | |

অনুস্বাক্ষর দিতে হবে

চতুর্থ শ্রেণীর কর্মচারীদেরকে ( যাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের কোন ব্যবস্থা নেই ) তাদের সন্তান-সন্ততির একটি প্রতি বছর স্ব স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করা যেতে পারে ।

এ পরিপ্রেক্ষিতে উল্লেখিত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো । এ বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্যও অনুরোধ করা হলো ।

স্বাক্ষর/- মু, আসাহাবুর রহমান
সিনিয়র সহকারী সচিব ।

সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়,
প্রশাসন শাখা

নং ১০৭/৯০-স্বঃমঃ(প্রশাসন)/ ৭৯২(৬০) | তারিখ ১৮-১০-৯০ ইং / ২-৭-১৭বাং

মহা কারা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা ।

স্বাক্ষর/- মোঃ কফিল উদ্দিন সিকদার
সহকারী সচিব(প্রঃ)

নং পিডি/এস-৯/৮৯/৩০২৬(১০০) | তারিখ ২১ নভেম্বর'৯০ / ২৬ কার্তিক'৯৭

অনুলিপি অবগতি, অনুসারন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল :-

১। উপ-মহা কারা পরিদর্শক, সকল বিভাগ ।
২। উপ-মহা কারা পরিদর্শক, সকল কেন্দ্রীয় কারাগার ।
৩। তত্ত্বাবধায়ক, সকল জেলা/উপ কারাগার/ উপজেলা কারাগার ।
৪। দপ্তর সংস্থাপন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা ।

উপরোক্ত বিষয়ে সরকারের গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে আপনার অধীনস্থ সকল কর্মকর্তা/ কর্মচারীদেরকে অবহিত করান এবং যথাসময়ে যথাযথ কার্যক্রম গ্রহন করার জন্য অনুরোধ করা যাইতেছে ।

স্মারকটি প্রাপ্তি স্বীকার করার জন্যও অনুরোধ করা যাইতেছে ।

( পরেশ চন্দ্র রায় ) ২১/১১/৯০
প্রশাসনিক কর্মকর্তা,
পক্ষে মহাকারা পরিদর্শক
বাংলাদেশ ।

হাই/
১৯-৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন শাখা
সি.আর-৩ শাখা।

২৫ চৈত্র'১৪১৪ বাংলা
তারিখ-------------------------
০৮ এপ্রিল'২০০৮ খ্রিঃ

নং-সম(সি.আর-৩) অধিশাখা পুনঃ১/২০০৬/৩৫

বিষয় ঃ এক পঞ্জিকা বছরে একাধিক বার্ষিক গোপনীয় অনুবেদন দাখিল প্রসঙ্গে।

একজন অনুবেদনাধীন কর্মকর্তার এক পঞ্জিকা বছরে একাধিক নিয়ন্ত্রনকারী কর্মকর্তার অধীনে কাজ করার ক্ষেত্রে অংশ এসিআর দাখিলের বিষয়ে প্রায়ই বিভিন্ন ধরণের জিজ্ঞাসা উথাপিত হয়ে থাকে; বিধায় এ বিষয়ে সরকার নিম্নরূপ নির্দেশনা জারী করছে ঃ

ক) একজন অনুবেদনাধীন কর্মকর্তা এক পঞ্জিকা বছরে একই কর্মস্থলে একাধিক নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অধীনে কাজ করার ক্ষেত্রে ন্যূনতম ৬ (ছয়) মাস কাজ করেছেন এমন অনুবেদনকারী কর্মকর্তার তাঁর [illegible] করতে পারবেন।

খ) [illegible] ৩ (তিন) মাস কাজ করেছেন এমন [illegible] কর্মকর্তার নিকট থেকে [illegible] যাবে।

গ) একই পঞ্জিকা বছরে কোন অনুবেদনাধীন কর্মকর্তার কর্মস্থল একাধিক হলে তাঁকে পৃথক পৃথক খন্ড এসিআর দাখিল করতে হবে। তবে যে ক্ষেত্রে একজন অনুবেদনকারী কর্মকর্তার অধীনে তাঁর কর্মকাল অন্যূন ৩ (তিন) মাস হতে হবে।

ঘ) এসিআর দাখিলের ক্ষেত্রে অনুবেদন ফরমের ২য় অংশের ১৪ নং ক্রমিকে অনুবেদনকারী কর্মকর্তার অধীনে অনুবেদনাধীন কর্মকর্তার কর্মকালের প্রকৃত মেয়াদ লিপিবদ্ধ করতে হবে।

স্বাক্ষরিত/- রহমত উল্লাহ মোঃ দস্তগীর
উপ-সচিব (সি.আর)
ফোন ঃ ৭১৬৫৯৭১

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
প্রশাসন শাখা-১।

স্বঃ মঃ (প্রশা-১)-বিবিধ-৯/২০০০(অংশ)৫৭৪

তারিখ-১৫/০৪/২০০৮ খ্রিঃ।

বর্ণিত স্মারকের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

স্বাক্ষরিত/- মহঃ মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৭১৬৮২৩৪

বিতরণ ঃ
১। কারা মহাপরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।

**কারা অধিদপ্তর, ঢাকা।**

স্মারক নং-পিডি/ওইটি-২৮/২০০৮/৩৬৬(২০)

তারিখ- ২২/০৫/২০০৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ-

১। কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ [illegible] সদর দপ্তর। (পত্রের কপি আওতাধীন কারাগার [illegible] [illegible] করতে বলা।)

স্বাক্ষরিত/- মোঃ [illegible]
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহা পরিদর্শক।

চলমান পৃষ্ঠা-২।

২৬৭৬
১৮/৯/০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা

স্মারক নং- পিডি/আইন/এমইটি-১/২০০৮/ ৯৯৯৫ (৭০) তারিখ ২২-৯-২০০৮ ইং

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

৩। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয় ঃ **কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন ও চাকুরী বহি যথাযথভাবে লিপিবদ্ধ করণ প্রসংগে।**

কারা কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনে বিভিন্ন ত্রুটি বিচ্যুতির কারণে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের টাইম স্কেল, সিলেকশন গ্রেড ও পদোন্নতি প্রদানে নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে তারা যথা সময়ে টাইম স্কেল, সিলেকশন গ্রেড বা পদোন্নতি পাচ্ছেন না। এতে একদিকে সময়ের অপচয় হয় অন্যদিকে কাজের অগ্রগতি ব্যাহত হয়। এমতাবস্থায় কারা কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন ও চাকুরী বহি লেখার ক্ষেত্রে নিম্নে লিখিত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হল ঃ-

ক। বার্ষিক গোপনীয় প্রতিবেদন লিখনে কোন প্রকার কাটাকাটি বা ওভাররাইটিং করা যাবে না ;

খ। প্রতিবেদনকারী অফিসারের অধীনে অনুবেদনাধীন কর্মকর্তা/কর্মচারীর চাকুরীর সঠিক মেয়াদ উল্লেখ করতে হবে ;

গ। প্রতিবেদনকারী/প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তার **নামযুক্ত সীলমোহর ব্যবহার করে স্বাক্ষর ও নির্দিষ্ট স্থানে তারিখ** প্রদান করতে হবে ;

ঘ। প্রতিবেদনকারী কর্মকর্তা সংশ্লিষ্ট সকল নির্দেশনা পালন করে বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণ করেছেন কিনা উহা প্রতিস্বাক্ষরকারী কর্মকর্তা কর্তৃক যাচাইপূর্বক প্রতিস্বাক্ষর করতে হবে ;

ঙ। কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদনের ১(এক) কপি কারা অধিদপ্তরে প্রেরণ এবং ০১ (এক) কপি বিভাগীয় কারা উপ মহা পরিদর্শকের দপ্তরে সংরক্ষণ করতে হবে এবং কর্মকর্তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন ২ (দুই)কপি কারা অধিদপ্তরে প্রেরণ করতে হবে ;

চ। প্রতিবেদনকারী কর্মকর্তা কোন কর্মস্থলে ৩ মাস বা তদূর্ধ সময় কর্মরত থাকার পর বদলী হলে উক্ত কর্মস্থলের সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের খন্ডকালীন গোপনীয় প্রতিবেদন প্রেরণ করতে হবে ;

ছ। একজন অনুবেদনাধীন কর্মকর্তা এক পঞ্জিকা বছরে একই কর্মস্থলে একাধিক নিয়ন্ত্রণকারী কর্মকর্তার অধীনে কাজ করার ক্ষেত্রে অন্যূন ৬(ছয়) মাস কাজ করেছেন এমন অনুবেদনকারী কর্মকর্তা তার সারা বছরের এসিআর অনুস্বাক্ষর করবেন ;

জ। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন পরবর্তী বছরের জানুয়ারী মাসের মধ্যে অত্র অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে ;

ঝ। কর্মচারীদের বিভাগীয় মামলার শাস্তি তাদের চাকুরী বহিতে লাল কালিতে এবং অন্যান্য সকল তথ্য কালো কালিতে লিখতে হবে;

ঞ। চাকুরী বহির ১ম খন্ড শেষ হলে ১ম খন্ডের অনুরূপ ২য় খন্ডের প্রারম্ভিক পৃষ্ঠাগুলো যথানিয়মে পূরণপূর্বক সংশ্লিষ্ট কর্মচারীর সহি স্বাক্ষর সত্যায়িত করতে হবে ;

ট। কর্মচারীদের টাইম স্কেল, সিলেকশন গ্রেড ও পদোন্নতির প্রস্তাব প্রেরণ কালে হাল-নাগাদ তথ্যাদি চাকুরী বহিতে লিপিবদ্ধ করে প্রেরণ করতে হবে ।

ঠ। সার্ভিস রেকর্ড ফরম বা অনুরূপ কাগজ চাকুরী বহি হিসেবে ব্যবহার করা যাবে না অর্থাৎ বিধিবদ্ধ চাকুরী বহি ছাড়া অন্য কোন কাগজে চাকুরীর খতিয়ান লিপিবদ্ধ করা যাবে না।

ড। চাকুরী বহিতে সকল তথ্য ধারাবাহিকভাবে যথা নিয়মে লিখতে হবে ;

ঢ। কারা কর্মকর্তা/কর্মচারীদের টাইম স্কেল সিলেকশন গ্রেড ও পদোন্নতির প্রস্তাব প্রেরণকালে চাকুরী বহিতে জন্ম তারিখ, চাকুরীতে যোগদানের তারিখ, চাকুরী স্থায়ী কারণের তারিখ, সকল পদোন্নতির তারিখ, টাইম স্কেল প্রাপ্তির তারিখ, সকল শাস্তির নোট ইত্যাদি ঝান্ডা প্রদর্শন করতে হবে।

২২/৯/০৮

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

অনুলিপি,
১। কারাধ্যক্ষ (সকল) কারা অধিদপ্তর, ঢাকা।
২। প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। অফিস সহকারী, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

A--551 (S)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

স্মারক সংখ্যা-৪৪.০৭.০০০০.০২২.১২.০১৪.১৫-৮৭৬(৭৫)

তারিখ ঃ ২২ পৌষ ১৪২১ বঃ / ০৫ জানুয়ারী ২০১৫ খ্রিঃ

বিষয় ঃ **সিনিয়র জেল সুপার/জেল সুপার এর অনুপস্থিতকালীন তার পদবী ব্যবহার করে অন্য কারা কর্মকর্তা কর্তৃক চিঠি পত্র স্বাক্ষর করা প্রসংগে ।**

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সিনিয়র জেল সুপার/জেল সুপাব এর অনুপস্থিতকালীন তার পদবী সম্বলিত সীল ব্যবহার করে অন্য কারা কর্মকর্তা কর্তৃক চিঠিপত্র স্বাক্ষরান্তে কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়- যা সম্পূর্ণরূপে বিধি বহির্ভূত।

অতএব, এখন থেকে সিনিয়র জেল সুপার/জেল সুপার এর সাময়িক অনুপস্থিতকালীন তার পদবী সম্বলিত সীল ব্যবহার করে অন্য কারা কর্মকর্তা কর্তৃক দাপ্তরিক চিঠিপত্র স্বাক্ষরান্তে প্রেরণ না করার জন্য নির্দেশ প্রদান করা হলো। তবে বিশেষ প্রয়োজন হলে অন্য কারা কর্মকর্তা তার নাম ও সঠিক পদবী উল্লেখ পূর্বক সংশ্লিষ্ট সিনিয়র জেল সুপার/জেল সুপার এর পক্ষে পত্র স্বাক্ষর করে প্রেরণ করতে পারেন। যে সকল কারাগারে সিনিয়র জেল সুপার/জেল সুপার এর দায়িত্বে জেলা ম্যাজিষ্ট্রেট মনোনীত কর্মকর্তা রয়েছেন সে সকল কারাগারের দাপ্তরিক চিঠিপত্র মনোনীত কর্মকর্তা দ্বারা স্বাক্ষর পূর্বক প্রেরণ করতে হবে।

<table>
<tr><th colspan="3">নমুনা</th></tr>
<tr><th colspan="2">সঠিক</th><th>সঠিক নয়</th></tr>
<tr><td colspan="2">মোঃ তারিকুল ইসলাম<br>জেলার<br>পক্ষে- সিনিয়র কারা তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক।<br>বিশেষ দ্রষ্টব্যঃ পক্ষে স্বাক্ষরকারী কারা কর্মকর্তার নাম ও সঠিক পদবী অবশ্যই লিখতে হবে।</td><td rowspan="2">কারা তত্ত্বাবধায়ক<br>------------কেন্দ্রীয়/জেলা কারাগার।<br><br>উক্ত সীল ব্যবহার করে কারা তত্ত্বাবধায়ক ব্যতিত অন্য কোন কারা কর্মকর্তা কর্তৃক স্বাক্ষর করা।</td></tr>
<tr><td>যেমনঃ জেলার/জেলার (চঃ দাঃ)/জেলার (ভারপ্রাপ্ত)/জেলার (অতিরিক্ত দায়িত্ব)</td><td>যার জন্য যা প্রযোজ্য।</td></tr>
</table>

০৫/০১/১৫
মোঃ ফজলুল কবীর
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোন-৭৩০০২২২ (দপ্তর)।
Prison_dte@yahoo.com

সিনিয়র কারা তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার ।

**অনুলিপি কার্যার্থেঃ**

| | |
|---|---|
| কারা উপ-মহাপরিদর্শক<br>সকল বিভাগ<br>সকল সদর দপ্তর । | উপরোক্ত নির্দেশনার যেন কোন ব্যত্যয় না ঘটে সে বিষয়ে তদারকি করার জন্য বলা হলো। |

Sercular

সাক্ষর:
৩/৭/০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/জে-১/২০০৭/২৫৮ তারিখঃ- ০১/৭/২০০৭ খ্রিঃ

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- ১। সিনিয়র তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয় কারাগার।

২। তত্ত্বাবধায়ক
সকল জেলা কারাগার।

বিষয়ঃ- কারা বিভাগের জেলারও তদূর্ধ কর্মকর্তাগণের ব্যাংক হিসাব বিবরনী প্রেরণ প্রসংগে।

১। আপনার কারাগারে কর্মরত জেলার ও তদূর্ধ সকল বিভাগীয় কর্মকর্তা ও তদীয় পরিবারের সদস্যদের (স্ত্রী, পুত্র ও কণ্যা) ব্যাংক হিসাব বিবরনী নিম্নোক্ত ছক অনুযায়ী অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য বলা হল ঃ

"ছক"

| নং | নাম | সম্পর্ক | হিসাব নং | ব্যাংকের নাম | শাখার নাম (স্থান সহ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

"অঙ্গীকার নামা"

"আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরেলিখিত প্রদত্ত তথ্যসমূহ সম্পূর্ণ সত্য এবং আমি কোন কিছু গোপন করি নাই। পরবর্তীতে এ তথ্যের কোন হের ফের হলে বা মিথ্যা প্রমাণিত হলে আমি সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা ১৯৭৯ এর বিধি ১৩ ও ১৪ মতে আইনানুযায়ী দায়ী থাকব"।

(সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর)
সীল

২। উল্লেখ থাকে যে, ১ জনের যদি একাধিক ব্যাংক হিসাব থাকে তা অবশ্যই উল্লেখ করতে হবে।

৩। গত ২(দুই) বছরের মধ্যে কারো কোন ব্যাংক হিসাব বন্ধ করা হয়ে থাকলে উপরোক্ত ছকে তারও উল্লেখ করতে হবে।

৪। উপরোক্ত বিবরণী আগামী ১৫ জুলাই'২০০৭ তারিখের মধ্যে অত্র দপ্তরে পৌছানো নিশ্চিত করতে সকলকে নির্দেশ প্রদান করা হ'ল।

১/৭/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

খালেদ,

৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২২.০২.০০৩.১৪-১২৯ (৭৬)

তারিখঃ ০৫ চৈত্র'১৪২০ বঙ্গাঃ
১৯ মার্চ'২০১৪ খ্রিঃ

বিষয় ঃ **মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তাদের পদবী চিঠিপত্রে সঠিকভাবে উল্লেখ করণ।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায়ে কর্মরত অধিকাংশ কর্মকর্তা বিভিন্ন দপ্তরে পত্রালাপের সময় তাদের নামের পার্শ্বে পদবী যথাযথভাবে লিপিবদ্ধ করছেন না। কোন কর্মকর্তার পদায়নের সময় উল্লেখিত পদবী ভারপ্রাপ্ত/ চলতি দায়িত্ব /অতিরিক্ত দায়িত্ব উল্লেখ থাকলে তা পত্রালাপের সময় তাদের নামের পার্শ্বে যথাযথভাবে লিপিবদ্ধ করতঃ ( যেমনঃ মিঃ রহমান, জেল সুপার, চঃদাঃ) পত্রালাপ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৯/৩/১৪
(মোঃ আব্দুল জলিল)
সহকারি কারা মহাপরিদর্শক(প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক।
prison_dte@yahoo.com

১। কারা উপ মহাপরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র জেল সুপার/ জেল সুপার
সকল কেন্দ্রীয়/ জেলা কারাগার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/[struck] ৭/২০০৭/ ৩৯৮ (৬৬)    তারিখঃ-৬/১০/২০০৭ খ্রিঃ

প্রেরকঃ- কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপকঃ- সিনিয়র তত্ত্বাবধায়ক/তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয়ঃ- চলতি দায়িত্বে নিয়োজিত জেলারগণের পিপস পরিধান প্রসংগে

১। বর্তমানে কারাগারগুলোতে জেলারের পদ পূরণ করা সম্ভব নয় বলে বেশ কিছু কারাগ জ্যেষ্ঠ্য ডেপুটি জেলারদের মধ্য হতে জেলার পদে চলতি দায়িত্বে নিয়োজিত করা হয়েছে। ইদানি লক্ষ্য করা যাচ্ছে চলতি দায়িত্বে কর্মরত ঐ সকল জেলারগণ ০২ টি পিপস এর স্থলে ০৩টি পিপ পরিধান করছে যা মোটেও বিধিসম্মত নয়। পদোন্নতি প্রাপ্তির পর নিয়মিত জেলার হিসেবে কা যোগদান করার পর জেলারের নির্ধারিত ০৩টি পিপস পরিধান করা বাঞ্ছনীয়।

২। অতএব, কারা বিধি অনুযায়ী পিপস পরিধানের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হ'ল।

৬/১০/০৭
মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে- কারা মহা পরিদর্শক।

খালেদ
*****৭৪

ঠাকুরগাঁও জেলা কারাগার
জেল সুপার
জেলার
ডকেট নং
বন্টনকৃত শাখা

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেল শাখা-১

নং-স্বঃমঃ/পরি-১/২০০৯(কারা-১)- ৮৩ তারিখ ঃ ০৪/০২/২০০৯ খ্রিঃ

বিষয় ঃ জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক জেলা কারাগার পরিদর্শনকালে গার্ড অব অনার প্রদান সংক্রান্ত।

সূত্র ঃ এ মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃমঃ ১ম-১৭/২০০৮(কারা-১)-২১ (৭৪), তাং-১৩/০১/২০০৯।

বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা ম্যাজিস্ট্রেটদের গার্ড অব অনার প্রদানের প্রথা অব্যাহত রাখার জন্য গত ১৩/০১/২০০৯ তারিখে সূত্রোক্ত পত্রের মাধ্যমে এ মন্ত্রণালয় হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা প্রতিপালিত হচ্ছে না মর্মে জানা যায়।

২। এমতাবস্থায়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে ১৩/০১/২০০৯ তারিখে জারিকৃত জেলা ম্যাজিস্ট্রেটদের গার্ড অব অনার প্রদান সংক্রান্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনপূর্বক আগামী ৩ দিনের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন এ মন্ত্রণালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্ত ঃ বর্ণনামতে।

(মোঃ কায়কোবাদ হোসেন)
উপ-সচিব (কারা)
ফোন ঃ ৭১৬৯৪২৫

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা।

অনুলিপি ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, ..............................................................(সকল)।

৪। জেলা ম্যাজিস্ট্রেট, ..............................................................(সকল)।

৫। সিনিয়র জেল সুপার/সুপার, ........ঠাকুরগাঁও জেলা কারাগার........ (সকল)।

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জেল শাখা-১

নং-স্বঃমঃ ১ম-১৭/২০০৮(কারা-১)-২১ (৭৪) তারিখ ঃ ১৩/০১/২০০৯ খ্রিঃ

বিষয় ঃ জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক জেলা কারাগার পরিদর্শনকালে গার্ড অব অনার প্রদান সংক্রান্ত।

সূত্র ঃ (১) জেঃপ্রঃকাঃ, কুমিল্লা-এর স্মারক নং-৮/০৮-২৬৮৫/জে,এম, তাং-১৫/১২/২০০৮।
(২) জেঃপ্রঃকাঃ, সিলেট-এর স্মারক নং-গোপনীয়/জেঃপ্রঃ/০১/১(৩), তাং-০১/০১/২০০৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা ম্যাজিস্ট্রেট কর্তৃক কারাগার পরিদর্শনকালে কারারক্ষী কর্তৃক গার্ড অব অনার প্রদানের প্রথা দীর্ঘদিন হতে প্রচলিত রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত পরিদর্শন বিবরণীতে জেলা ম্যাজিস্ট্রেট জেলা কারাগার পরিদর্শনকালে গার্ড পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনে মতামত লিপিবদ্ধ করে থাকেন।

২। জেল কোডের ৪৪ ধারা অনুযায়ী জেলা কারাগারের উপর জেলা ম্যাজিস্ট্রেট-এর সার্বিক তত্ত্বাবধান থাকবে; এছাড়া কেন্দ্রীয় কারাগারের ক্ষেত্রে জেলা ম্যাজিস্ট্রেটের নিয়ন্ত্রণ সংশ্লিষ্ট জেলার বন্দীদের উপর সীমাবদ্ধ থাকবে। জেল কোডের ৩৮১ ধারা অনুযায়ী কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক, সহকারী কারা মহাপরিদর্শক, সিনিয়র সুপার/সুপার অফিসিয়াল ও নন অফিসিয়াল পরিদর্শক ও উচ্চ পদস্থ সরকারি কর্মকর্তা কর্তৃক কারাগার পরিদর্শনকালে সম্মান প্রদর্শনের (স্যালুট) বিধান রয়েছে।

৩। অতি সম্প্রতি কারা মহাপরিদর্শকের মৌখিক নির্দেশের প্রেক্ষিতে জেলা ম্যাজিস্ট্রেটদের গার্ড অব অনার প্রদান বন্ধ করে দেয়া হয়েছে। অন্যদিকে জেল পরিদর্শনে আগত অন্যান্য কর্মকর্তাদের গার্ড অব অনার প্রদান অব্যাহত রয়েছে বলে জানা গেছে। কারা মহাপরিদর্শক কর্তৃক বর্তমানে মৌখিকভাবে দেয়া নির্দেশনা অনুযায়ী জেলা ম্যাজিস্ট্রেটকে গার্ড অব অনার প্রদান প্রথা বন্ধ থাকলে কারাগারের উপর জেলা ম্যাজিস্ট্রেটদের সাধারণ নিয়ন্ত্রন এবং তত্ত্বাবধান দুর্বল হয়ে পড়বে বলে স্বরাষ্ট্র মন্ত্রণালয় মনে করে।

৪। এমতাবস্থায়, পূর্ব হতে প্রচলিত জেলা ম্যাজিস্ট্রেটদের গার্ড অব অনার প্রদানের প্রথা অব্যাহত রাখার জন্য তাঁকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( মোঃ কায়কোবাদ হোসেন )
উপসচিব (কারা ও অগ্নি)
ফোন ঃ ৭১৬৯৪২৫

কারা মহাপরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা।

কারা সদর দপ্তর, ঢাকা।

স্মারক নং পিডি/ইসঃ১/এস-১০/২০০৯/৭৭ তারিখঃ ৩০-০১-২০০৯ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ

১। কারা উপ মহা পরিদর্শক, সকল বিভাগ, সকল বিভাগীয় দপ্তর।
২। সিনিয়র জেল সুপার, সকল কেন্দ্রীয় কারাগার।
৩। জেল সুপার, সকল জেলা কারাগার।
৪। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা সদর দপ্তর, ঢাকা।
৫। কারা মহা পরিদর্শক/অতিঃ কারা মহা পরিদর্শক/কারা উপ মহা পরিদর্শক (সদর দপ্তর) এর সদয় অবগতির জন্য ব্যক্তিগত সহকারী।

৩০/১/০৯

(মোঃ মিজানুর রহমান)
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড,
বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং ৪৪.০৭.০০০০.০২২.০৫.০০৪.১৪-২২২ (৯০)

তারিখ ঃ ২১ জ্যৈষ্ঠ/১৪২১
০৪ জুন /২০১৪

**বিষয় ঃ তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) নিয়োগ ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) নির্ধারণ প্রসংগে।**

সূত্র ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-৪৪.০০.০০০০.০১৯.০০৪.১২-৬৪৫ তারিখঃ ০৪-৫-২০১৪খ্রিঃ।

১। সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, তথ্য অধিকার আইন/২০০৯ অনুযায়ী তথ্য সরবরাহের নিমিত্তে প্রত্যেক কেন্দ্রীয়/জেলা কারাগারে (ইউনিট) কর্মরত সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়কগণকে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) হিসেবে ইতোপূর্বেই নিয়োগ করা হয়েছে।

২। উল্লিখিত বিষয়ে আপীল কর্তৃপক্ষ (আরটিআই) হিসেবে সংশ্লিষ্ট বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শকগণকে নিয়োগ করা হলো।

৩। কারা অধিদপ্তরের তথ্য প্রদানের জন্য কারা উপ-মহাপরিদর্শক,সদর দপ্তর,ঢাকা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এবং কারা মহাপরিদর্শক,বাংলাদেশ,ঢাকা আপীল কর্তৃপক্ষ (আরটিআই) হিসেবে নিয়োজিত আছেন।

মোহাম্মদ ইফতিখারুল ইসলাম
কর্ণেল
অতিরিক্ত কারা মহাপরিদর্শক
পক্ষে কারা মহাপরিদর্শক
ফোন-৭৩০০২২২ (দপ্তর)।
prison_dte@yahoo.com

সিনিয়র সচিব
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
দৃঃআঃ-যুগ্ম-সচিব,প্রশাসন।

অনুলিপি কার্যার্থেঃ-

১। সচিব, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন(৩য় তলা), এফ-৪/এ,আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর,ঢাকা।
২। কারা উপ মহাপরিদর্শক, সদর দপ্তর, কারা অধিদপ্তর,ঢাকা।
৩। কারা উপ মহাপরিদর্শক,সকল বিভাগ,সকল সদর দপ্তর।
৪। সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক,সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৫। সহকারী কারা মহাপদির্শক(সকল)/ভারপ্রাপ্ত কর্মকর্তা, নিরাপত্তা ইউনিট/ প্রশাসনিক কর্মকর্তা/ পরিসংখ্যানবিদ/ বাজেট কর্মকর্তা/কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত সহকারী, প্রশাসন শাখা/কারা মহাপরিদর্শক/অতিঃ কারা মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর,ঢাকা।

OUE LEpE-2012

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/ওইটি-৩৩/সার্কুলার/২০০৯/ ২৯০ (৭১) তারিখ ঃ ৯০৪-২০০৯ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগীয় সদর দপ্তর।

২। সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয় ঃ **নামযুক্ত সীল ব্যবহার প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কারাগার হতে পত্রালাপের সময় অগ্রগামীপত্র এবং উহাতে সংযুক্ত কাগজপত্রে নামযুক্ত সীল ব্যবহার করা হয় না। এতে করে কোন্ কর্মকর্তা কর্তৃক কাগজপত্র স্বাক্ষর করা হয়েছে বা সত্যায়িত কিংবা অগ্রগামী করা হয়েছে নিরূপন করা সম্ভব হয় না। এখন থেকে সকলপত্র এবং সংযুক্ত কাগজপত্রে কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করার অনুরোধ করা হ'ল।

মোঃ মিজানুর রহমান
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক
ফোনঃ ৭৩০০৪৬৬ (দপ্তর)।

স্মারক নং পিডি/ওইটি-৩৩/সার্কুলার/২০০৯/ ২৯০/১ (৬৮) তারিখ ঃ ৯০৪-২০০৯ খ্রিঃ

অনুলিপি অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/সংরক্ষণের জন্য বিতরণ করা হ'ল ঃ

১। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। ব্যক্তিগত সহকারী, কারা মহা পরিদর্শক/অতিরিক্ত কারা মহা পরিদর্শক/কারা উপ মহা পরিদর্শক (সদর দপ্তর), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত সহকারী, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

মোঃ মিজানুর রহমান
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

TAREQ 39.09 M

সিলেট কেন্দ্রীয় কারাগার
শাখার নাম: সুঃ শাঃ/ডেঃ শাঃ/মঃ শাঃ/অঃ শাঃ/গোঃ নঃ/বিঃ শিঃ/ক্যাশ শাঃ
ডকেট নং: ১১০৮
তারিখ:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/ওইটি-৩৩/সার্কুলার/২০০৯/ ২৯০ (৭১) তারিখ ঃ ৯.০৪-২০০৯ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগীয় সদর দপ্তর।

২। সিনিয়র জেল সুপার/জেল সুপার
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয় ঃ **নামযুক্ত সীল ব্যবহার প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, কারাগার হতে পত্রলাপের সময় অগ্রগামীপত্র এবং উহাতে সংযুক্ত কাগজপত্রে নামযুক্ত সীল ব্যবহার করা হয় না। এতে করে কোন্ কর্মকর্তা কর্তৃক কাগজপত্র স্বাক্ষর করা হয়েছে বা সত্যায়িত কিংবা অগ্রগামী করা হয়েছে নিরূপন করা সম্ভব হয় না। এখন থেকে সকলপত্র এবং সংযুক্ত কাগজপত্রে কর্মকর্তার নামযুক্ত সীল ব্যবহার করার অনুরোধ করা হ'ল।

(স্বাক্ষর) ৯.৪.০৯
মোঃ মিজানুর রহমান
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক
ফোনঃ ৭৩০০৪৬৬ (দপ্তর)।

স্মারক নং পিডি/ওইটি-৩৩/সার্কুলার/২০০৯/ ২৯০/১ (২৮) তারিখ ঃ ৯.০৪-২০০৯ খ্রিঃ

অনুলিপি অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/সংরক্ষণের জন্য বিতরণ করা হ'ল ঃ

১। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
২। ব্যক্তিগত সহকারী, কারা মহা পরিদর্শক/অতিরিক্ত কারা মহা পরিদর্শক/কারা উপ মহা পরিদর্শক (সদর দপ্তর), কারা অধিদপ্তর, ঢাকা।
৩। ভারপ্রাপ্ত সহকারী, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।

(স্বাক্ষর) ৯.৪.০৯
মোঃ মিজানুর রহমান
সহকারী কারা মহা পরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহা পরিদর্শক।

TAREQ 39.09 M

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্থাপন মন্ত্রণালয়
শৃংখলা শাখা – ২

নং সম/শৃ২ (বিঃ কাঃ) – ১/৯০–৮(২০০) তারিখ – ১৪–১–৯১ ইং। ৩০–৯–৯৭ বাং।

অফিস স্মারক

বিষয় – সরকারী কর্মচারীদের বিভাগীয় পরীক্ষায় এবং বি সি এস ক্যাডারভুক্ত কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে বিভাগীয় মামলা।

সরকার বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় কর্তৃক বিভিন্ন সার্ভিস ক্যাডারের কর্মকর্তাদের সম্প্রতি পদোন্নতি পরীক্ষায় অসদুপায় অবলম্বন এবং পরিদর্শকদের সহিত দুর্ব্যবহারের দুঃখজনক ঘটনা লক্ষ্য করিয়াছেন। সরকারী কর্মচারীদের এই ধরণের আচরণ ও কার্যকলাপ ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ২ (এফ) বিধি মোতাবেক অসদাচরণের আওতাভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ।

২। এই ধরণের অসদুপায় অবলম্বন ও সংশ্লিষ্ট পরিদর্শকদের সহিত দুর্ব্যবহারের অভিযোগে বাংলাদেশ সরকারী কর্মকমিশন তাহাদের [illegible] বিধি বিধান মতে ব্যবস্থা গ্রহণ করতে পারেন। তবে কমিশন কর্তৃক গৃহীত ব্যবস্থা সত্ত্বেও সংশ্লিষ্ট পরীক্ষার্থীগণ ১৯৮৫ সনের সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ২ (এফ) ধারাতে সংজ্ঞায়িত অসদাচরণ সংক্রান্ত অপরাধ হইতে অব্যাহতি পাইবেন না এবং তাহাদের বিরুদ্ধে উক্ত বিধিমালার শৃংখলা মূলক ব্যবস্থা গ্রহণ করিয়া দণ্ড প্রদানে আইনগত বাধা নাই।

৩। এমতাবস্থায়, ভবিষ্যতে যাহাতে সরকারী কর্মচারীদের মধ্যে পরীক্ষার হলে অসদুপায় অবলম্বন ও পরিদর্শকদের সহিত দুর্ব্যবহারের প্রবণতা সৃষ্টি না হয় সেইজন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন যে, সরকারী কর্মকমিশন সচিবালয় হইতে পরীক্ষায় সংক্রান্ত অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ হইতে তাহাদের নিয়ন্ত্রণাধীন সার্ভিস ক্যাডারের কর্মকর্তাদের বিরুদ্ধে উপরোক্ত বিধিমালা মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৪। এই ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবার জন্য সকলের অনুরোধ করা যাইতেছে।

স্বাক্ষর /- ডাঃ রাকিবুর রহমান
সচিব।

বিতরণ ঃ-

XXX XXX XXX

৩। সচিব/ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব, মন্ত্রণালয়/বিভাগ (সকল মন্ত্রণালয়/বিভাগ)।

XXX XXX XXX

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
প্রশাসন শাখা

নং ৩/৯১–স্বঃমঃ(প্রশাসন)/সংশ/ ৬২ (৬০) তারিখ ২৭–১–৯১ ইং। ১৩–১০–৯৭ বাং।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ-

১। বিভাগীয় প্রধান (সকল) মহা কারা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।

XXX XXX XXX

স্বা /- মোঃ শাহজাহান চৌধুরী
সহকারী সচিব (প্রঃ)।

নং পি ডি/এম ই টি – ২৮/৮৭/----৯২৭৮(৩৫) তারিখ ৭ অক্টোবর '৯১ ইং। ২৩ আশ্বিন '৯৮ বাং।

অনুলিপি অবগতি ও অনুসরণের জন্য প্রেরিত হইল ঃ-

১। উপ মহা কারা পরিদর্শক, সকল বিভাগ, সকল কেন্দ্রীয় কারাগার।
২। সহকারী মহা কারা পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক, সকল জেলা কারাগার।
৪। ভারপ্রাপ্ত শাখা প্রধান, দপ্তর সংস্থাপন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। গার্ড ফাইল।

( মোঃ নায়েব মিয়া )
প্রশাসনিক কর্মকর্তা

এম, রহমান,
৬–১০–৯১/

স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-১ অধিশাখা

নং-স্বঃমঃ য-৩/২০০৯(কারা-১)-৪৬২

| নারায়ণগঞ্জ জেলা কারাগার | |
|---|---|
| ডায়েরী নং ...১০৯১... | ২০/১০/১২ |
| সেক্স কুপাৱঃ | |
| জেলারঃ | |
| ডেপুটি জেলঃ | |
| শাখাঃ | |

বিষয় ঃ মন্ত্রণালয়ে সরাসরি পত্র প্রেরণ প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কারা অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতীত সরাসরি মন্ত্রণালয়ে বিভিন্ন আবেদন/পত্র প্রেরণ করছেন, যা শিষ্টাচার বহির্ভূত। এতে মন্ত্রণালয়ে স্বাভাবিক কাজের বিঘ্নসহ তথ্যগত বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে।

২। এমতাবস্থায়, কারা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মন্ত্রণালয়ে আবেদন/পত্র যোগাযোগ করার নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি জরুরী।

(সাঈদ মাহমুদ [illegible])
উপ-সচিব
ফোন ঃ ৯৫[illegible]১৭

কারা মহা পরিদর্শক
কারা অধিদপ্তর
ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
www.prison.gov.bd

পত্র নং- ৪৪.০৭.০০০০.০২১.০৩.০০১.১২-৬৬৬ তারিখঃ [illegible]

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল:

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপরোক্ত স্মারকের অনুলিপি অধিনস্থ সকল কারাগারে প্রেরণপূর্বক পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত বিষয়টি সকল কর্মকর্তা ও কর্মচারীকে অবহিত করণসহ তা যথাযথভাবে প্রতিপালনের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হ'ল। উক্ত সরকারী নির্দেশ প্রতিপালনে ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সতর্ক করার জন্যও অনুরোধ করা হ'ল।

২। ভারপ্রাপ্ত সহকারী, (সকল শাখা), কারা অধিদপ্তর, ঢাকা।

(এ কে এম জহির উদ্দিন বাবর)
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে-কারা মহাপরিদর্শক

**বিভাগীয় দপ্তর, ঢাকা।**

পত্র নং- ৪৪.০৭.২৬০০.০৬১.০২.০২.০১০.১২- ৯৯৬ তারিখ- ১৭.১০.২০১২ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র তত্ত্বাবধায়ক/ তত্ত্বাবধায়ক নারায়ণগঞ্জ কেন্দ্রীয়/জেলা কারাগার বরাবর প্রেরণ করা হ'ল।

উপরোক্ত বিষয়ে সকল কর্মকর্তা/কর্মচারীকে সতর্ক করার জন্য অনুরোধ করা হ'ল। উক্ত সরকারী নির্দেশ প্রতিপালনে ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সকলকে অবহিত করার জন্যও অনুরোধ করা হ'ল।

মোঃ গোলাম হায়দার
কারা উপ-মহা পরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।

পত্র নং- ৪৪.০৭.২৬০০.০৬১.০২.০২.০১০.১২- ৯৯৬/১ তারিখ-১৭.১০.২০১২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য কারা মহা পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা বরাবর প্রেরণ করা হ'ল।

মোঃ গোলাম হায়দার
কারা উপ-মহা পরিদর্শক
ঢাকা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়,
জেল শাখা-১।

নং-১ই-৭৬/৯৩-জেল-১/ তারিখঃ ৪-৫-৯৮ ইং।

প্রেরকঃ মোঃ কামরুল আহসান
সিনিয়র সহকারী সচিব।

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা,
স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ সিরাজগঞ্জ জেলা কারাগারের ২৭টি অস্থায়ী পদ সংরক্ষন।

জনাব,
আমি নির্দেশিত হইয়া সদ্য নির্মিত সিরাজগঞ্জ জেলা কারাগারের জন্য নবসৃষ্ট নিম্নবর্নিত ২৭টি বিভিন্ন শ্রেনীর পদ ১-৬-৯৬ হইতে ৩১-৫-৯৭ পর্যন্ত সংরক্ষনে ভূতাপেক্ষ সরকারী মঞ্জুরী প্রদান করিতেছে।

| ক্রমিক নং | পদের নাম | পদসংখ্যা | বেতন স্কেল |
|---|---|---|---|
| ১। | কারা তত্ত্বাবধায়ক | ১(এক)টি | ২৮৫০-৫১৫৫/= |
| ২। | সহকারী সার্জন | ১(এক)টি | ২৮৫০-৫১৫৫/= |
| ৩। | জেলার | ১(এক)টি | ১৭২৫-৩৭২৫/= |
| ৪। | ফার্মাসিস্ট/কম্পাউন্ডার | ১(এক)টি | ১৭২৫-৩৭২৫/= |
| ৫। | ডেপুটি জেলার | ১(এক)টি | ১৪৭৫-৩১৫০/= |
| ৬। | প্রধান কারারক্ষী | ১(এক)টি | ১২০০-২৩৩৫/= |
| ৭। | কারারক্ষী | ১৮(আঠার)টি | ১০৫০-১৯১৫/= |
| ৮। | মহিলা কারারক্ষী | ৩(তিন)টি | ১০৫০-১৯১৫/= |
| | | মোট=২৭(সাতাশ)টি | |

২। ইহাতে অর্থ বিভাগের সম্মতি রহিয়াছে।

আপনার অনুগত,
স্বাঃ/
(মোঃ কামরুল আহসান)
সিনিয়র সহকারী সচিব।

নং-১ই-৭৬/৯৩-জেল-১/ তারিখঃ ৪-৫-৯৮ইং।

অবগতি ও প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় বরাবরে পৃষ্ঠাংকনপূর্বক প্রেরন করিবার জন্য অনুরোধসহ অর্থ বিভাগে অনুলিপি প্রেরন করা হইল।

স্বাঃ/
(মোঃ কামরুল আহসান)
সিনিয়র সহকারী সচিব।

নং- তারিখঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অনুলিপি প্রেরন করা হইল। ইহাতে অর্থ বিভাগের সম্মতি রহিয়াছে।

(সিনিয়র সহকারী সচিব
অর্থ বিভাগ।

নং-১ই-৭৬/জেল-১/২৬৮/২(৩) তারিখঃ ৪-৫-৯৮।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হইল ঃ-

২। XXXX
৩। কারা মহা পরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।

স্বাঃ/
(মোঃ কামরুল আহসান)
সিনিয়র সহকারী সচিব।

"কারা অধিদপ্তর, ঢাকা"

স্মারক নং পিডি/আরটিএন-৩/৯০/১৭৪৮(৬) তারিখঃ ০৩ জুন'৯৮।
২০ জ্যৈষ্ঠ'১৪০৫।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল ঃ-

১। কারা উপ মহা পরিদর্শক, রাজশাহী বিভাগ, সদর দপ্তর, রাজশাহী।
২। সিনিয়র তত্ত্বাবধায়ক, রাজশাহী কেন্দ্রীয় কারাগার।
৩। তত্ত্বাবধায়ক, সিরাজগঞ্জ জেলা কারাগার।
৪। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, সিরাজগঞ্জ।
৫। ভারপ্রাপ্ত, সহকারী, বাজেট শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। গার্ড ফাইল।

৩/৬/৯৮
(মোঃ সুরুজ আলী মিঞা)
প্রশাসনিক কর্মকর্তা।

(২৮)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয়
স্বরাষ্ট্র মন্ত্রণালয়,
বাংলাদেশ, ঢাকা।

নং পি এও/স্বঃমঃ/পুলিশ-২/বাহির/৬৩১(২০০) তারিখ ২/৯/৯২ ইং

বরাবর,

অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক
সি,আই,ডি,
বাংলাদেশ, ঢাকা।

বিষয় : স্টেনো-গ্রাফার, স্টেনো-টাইপিস্ট, উচ্চমান সহকারী, নিম্নমান সহকারী এবং নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিকগণের সিলেকশান গ্রেড প্রসংগে।

---

উপরোক্ত বিষয়ে আপনার কার্যালয়ের স্মারক নং ডি,এ-৮৬-৯১/৩২৮১ তারিখ ৩০-৭-৯২ ইং এর প্রতি দৃষ্টি আকর্ষন পূর্বক জানানো যাইতেছে যে, এম,এফ(আই ডি)-৪/ইউ(ডি)-৪/৮২(পার্ট-১)/১২ তাং ১৮-১-৮৩ এবং এম,এফ,(আই ডি) আই এম পি)/৪/ইউ(ডি)-২/৮২/১১৮ তাং ২৩-১১-৮৩ ইং পত্র দুইটি অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং ৩৩৮ তারিখ ১৭-৩-৭৮ এবং ১০৩১ তাং ১০-৮-৮১ ইং এর উপর ব্যাখ্যা প্রদান করা হইয়াছে। উক্ত আদেশগুলি পর্যালোচনা করিয়া সি জি এ মহোদয়ের কার্যালয় হইতে এই মর্মে মতামত প্রদান করা হইয়াছে যে, বিভাগীয় পদোন্নতি কমিটির সুপারিশক্রমে সকল অফিসের স্টেনো-গ্রাফার, স্টেনো-টাইপিস্ট সিলেকশান গ্রেড পাইবেন এবং সেক্রেটারীয়েটে কর্মরত ইউ ডি/এল ডি গণ শর্ত সাপেক্ষে সিলেকশান গ্রেড পাইবেন। সচিবালয়ের বাহিরের কোন অফিসের ইউ ডি/এল ডি গণ সিলেকশান গ্রেড পাইবেন না। নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিকগণ পদোন্নতি কমিটির সুপারিশক্রমে শুধুমাত্র নিজ স্কেলের বেতনের উপর দুইটি বর্ধিত বেতনের সুবিধা পাইবেন। সুতরাং আপনার অফিসের ইউ,ডি, এল ডি এবং এল ডি কাম-টাইপিস্টগণ সিলেকশান গ্রেড ভুলক্রমে গ্রহন করিয়া থাকিলে উহা পুনঃ নির্ধারন ও যাচাইয়ের জন্য তাহাদের চাকুরী বহিগুলি এই কার্যালয়ে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা হইল।

ইহাতে সি,এ,ও মহোদয়ের সম্মতি রহিয়াছে।

স্বাক্ষর/( কামাল উদ্দিন আহামেদ চৌধুরী )
নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার
পুলিশ-২ শাখা।

নং পি এও/স্বঃমঃ/পুলিশ-২/বাহির/৬৩১(২০০) তারিখঃ- ২/৯/৯২ ইং

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হইল :-

১। জেলা হিসাব রক্ষণ অফিসার ................
তাহাকে সকল ইউ,ডি,এ/এল ডি এ এবং মুদ্রাক্ষরিকদের সিলেকশন গ্রেড কেইসগুলি পুনঃ যাচাইয়ের জন্য অনুরোধ করা হইল।

২। সকল আয়ন ও ব্যয়ন অফিসার, ঢাকা
প্রশাসনিক কর্মকর্তা, কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

স্বাক্ষর/- (কামাল উদ্দিন আহামেদ চৌধুরী
নিরীক্ষা ও হিসাব রক্ষণ অফিসার
পুলিশ-২ শাখা।

কারা অধিদপ্তর
ঢাকা।

নং পি ডি/এম ই টি-৬/৯২/৯৬৪৫(১০) তারিখঃ ১০ নভেম্বর'৯২ইং / ২৫ কার্তিক'৯৯ বাং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য প্রেরণ করা হইল :-

১। উপ-মহা কারা পরিদর্শক, ~~ঢাকা~~/রাজশাহী/~~চট্টগ্রাম/খুলনা~~ বিভাগ, সদর দপ্তর, ~~ঢাকা~~/রাজশাহী/কুমিল্লা।
২। উপ-মহা কারা পরিদর্শক, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/যশোহর কেন্দ্রীয় কারাগার।
৩। দপ্তর সংস্থাপন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৪। গার্ড ফাইল।

১০/১১/৯২

( সৈয়দ ছাদেকুর রহমান )
প্রশাসনিক কর্মকর্তা
পক্ষে মহা কারা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

জে,সি,মজুমদার
তাং ১০-১১-৯২ইং।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়,
অর্থ বিভাগ,
বাস্তবায়ন অনুবিভাগ,
শাখা-৩

নং অম-অবি(বা)-৩-প্রব(ভি)-৩-৮৪/৮ তারিখ ১১-৮-১৯৮৯ইং / ৬-১০-১৩৯৫বাং

বিষয়ঃ- সাঁটমুদ্রাক্ষরিকদের সিলেকশন গ্রেড স্কেল প্রদান

অত্র মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগের ২৯-১১-৮৩ইং তারিখের এমএফ(ইম্প)-৩-প্রব-(ভি)-২-৮৩-২৮৬ নং স্মারক অনুযায়ী সাঁটমুদ্রাক্ষরিকগণকে নতুন জাতীয় বেতন স্কেল টাঃ ৩০০-৮২৫তে সিলেকশন গ্রেড স্কেল প্রদানের বিধান রাখা হয় এবং উক্ত স্মারক এর নোট অংশে উল্লেখ করা হয় যে, পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক গৃহীত পরীক্ষায় নির্ধারিত গতি সীমায় ইংরেজী ও বাংলা সর্টহ্যান্ড ও টাইপে উত্তীর্ণদেরকে ৩টি অগ্রিম ইনক্রিমেন্টসহ উক্ত সিলেকশন গ্রেড স্কেল প্রদান করা যাবে। নোট অংশে এও উল্লেখ করা হয়েছে যে, পাবলিক সার্ভিস কমিশন কর্তৃক উক্ত পরীক্ষা গৃহীত না হলে সেক্ষেত্রে মোট অনুমোদিত পদের ২৫% অংশ ও যাদের সাঁটমুদ্রাক্ষরিক পদে চাকুরীর মেয়াদ ৫ বছর বা ততোধিক বছর হয়েছে তাদের রেকর্ডস্ হতে সিলেকশন গ্রেড স্কেল প্রদান করা যাবে। সাঁটমুদ্রাক্ষরিক পদটি তৃতীয় শ্রেণীর পদ এবং সরকার সকল তৃতীয় শ্রেণীর পদ বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের আওতাবহির্ভূত করায় উক্ত কমিশন কর্তৃক সিলেকশন গ্রেডের পরীক্ষা নেয়ার কোন অবকাশ নেই। সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত ১৫-৭-৮৭ইং তারিখের সঃমঃ/আর-১/এস-৮/৮৭-৬৩(১৫০) নং স্মারক অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরসমূহ তাদের বিভাগীয় পদোন্নতি কমিটির (DPC) মাধ্যমে পরীক্ষা গ্রহণ করতঃ সাঁটমুদ্রাক্ষরিকদেরকে ১০০% অংশ পদে সিলেকশন গ্রেড স্কেল প্রদান করতে পারেন-যদি তাঁরা ইংরেজী ও বাংলা সর্টহ্যান্ড ও টাইপে নির্ধারিত গতি পরীক্ষায় উত্তীর্ণ হন। এক্ষেত্রে পূর্বের ২৫% কোটা ও চাকুরীতে ৫ বছর পূর্তির যে শর্ত ১৯৮৩ সনের উপরোল্লিখিত স্মারকে আরোপ করা হয়েছিল-তা' আর প্রযোজ্য হবে না।

স্বাক্ষর/- এ,কে,এম,ফজলুল হক
উপ-সচিব

স্মারক নং স্বাঃ-১/৮৮-স্বঃমঃ(প্রশাসন)/১৩৪ তারিখ ৭-৩-১৯৮৯ইং / ২৩-১১-৯৫বাং

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :-

১। মহা কারা পরিদর্শক, বাংলাদেশ।

স্বাক্ষর/- মোঃ আবদুল মান্নান মিঞা)
সহকারী সচিব(প্রঃ)
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক নং সিডি/এমইটি-১৫/৮৮/৪১৮(৭) তারিখ ২৭/০৯/৮৯ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল :-

১। উপ-মহা কারা পরিদর্শক, সকল বিভাগ ও সকল কেন্দ্রীয় কারাগার।

২। দপ্তর সংস্থাপন শাখা, কারা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

৩। গার্ড ফাইল।

( নরেশ চন্দ্র রায় )
প্রশাসনিক কর্মকর্তা,
পক্ষে মহা কারা পরিদর্শক,
বাংলাদেশ।

এ,হাই/
১১-৯-৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
ঢাকা।

স্মারক নং পিডি/কামপ-১/২০০৯/ ৫৬৮ (৭০)

তারিখ- ০১ -৬-২০০৯ খ্রিঃ

প্রেরক ঃ কারা মহা পরিদর্শক
বাংলাদেশ, ঢাকা।

প্রাপক ঃ ১। কারা উপ মহা পরিদর্শক
সকল বিভাগ, সকল সদর দপ্তর।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক
সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।

বিষয় ঃ **মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয় ও স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয়ের পরিদর্শন প্রসংগে**

১। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয় ও স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয় বিভিন্ন সময়ে বিভাগীয়/জেলা সদরে সরকারী সফরে গমন করে থাকেন। কোন কোন সময় তাঁদের সফর সূচীতে কারাগার পরিদর্শনও অন্তর্ভূক্ত থাকে। কিন্তু সফর সূচীতে কারাগার পরিদর্শন অন্তর্ভূক্ত না থাকলেও মন্ত্রী মহোদয়ের সরকারী সফরকালীন সভায় কারা কর্মকর্তাদের উপস্থিতি একান্ত বাঞ্ছনীয়।

২। মাননীয় মন্ত্রী মহোদয়ের বিভাগীয়/জেলা সদরে সরকারী সফরকালে স্থানীয় জেলা প্রশাসনের সাথে যোগাযোগ সাপেক্ষে সময়মত ও যথাযথভাবে সভায় উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হ'ল।

১/৬/০৯

মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে কারা মহা পরিদর্শক।

স্মারক নং পিডি/কামপ- ১/২০০৯/ ৫৬৮ /১(৯)

তারিখ- ০১-৬-২০০৯ খ্রিঃ

অনুলিপি অবগতির জন্য প্রেরণ করা হ'ল ঃ

১। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মাননীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। স্বরাষ্ট্র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। কারা উপ মহা পরিদর্শক (সঃ দঃ), কারা অধিদপ্তর, ঢাকা।

৫। সহকারী কারা মহা পরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।

৬। ব্যাক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা।
কারা মহা পরিদর্শক/অতিরিক্ত কারা মহা পরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য।

১/৬/০৯

মোঃ আশরাফুল ইসলাম খান
কর্ণেল
অতিরিক্ত কারা মহা পরিদর্শক
পক্ষে কারা মহা পরিদর্শক।

Sa-1-91

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২ ।

নং-স্বাঃঅধিঃ/ষ্ট্যান্ডিং মেঃবোর্ড/৯৫/১৫(৬৪)          তারিখঃ- ৪/১/৯৬ ইং ।

প্রতি,

সিভিল সার্জন,
সকল
----------------------------- ।

বিষয়ঃ- সরকারী কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী সংক্রান্ত স্বাস্থ্য পরীক্ষা প্রসংগে ।

উপরোক্ত বিষয়ে জানানো যাইতেছে যে, সরকারী কর্মকর্তা/কর্মচারীদের ইনভেলিড পেনশন, ছুটি সংক্রান্ত স্বাস্থ্য পরীক্ষা, চাকুরী সংক্রান্ত যে কোন ধরনের স্বাস্থ্য পরীক্ষা ইত্যাদির ক্ষেত্রে সিভিল সার্জনগন তাহাদের এলাকাধীন সরকারী কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্য পরীক্ষার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের কার্যালয় হইতে পত্র প্রাপ্তির পর সিভিল সার্জন এর সভাপতিত্বে গঠিত তিন সদস্য বিশিষ্ট ষ্ট্যান্ডিং মেডিকেল বোর্ডের মাধ্যমে স্বাস্থ্য পরীক্ষা করিবেন । স্বাস্থ্য পরীক্ষান্তে উক্ত মেডিকেল বোর্ড সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদন সরাসরি তাঁহার কার্যালয়ে এবং অবগতির জন্য এককপি অত্র অধিদপ্তরে প্রেরন করিবেন ।

পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই আদেশ কার্যকর থাকিবে ।

স্বাক্ষর/-
( অধ্যাপক এ, রবি, এম আহসান উল্লাহ)
পরিচালক( হাসপাতাল ও ক্লিনিকসমুহ )
মহা পরিচালকের পক্ষে -
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ।

নং-স্বাঃঅধিঃ ষ্ট্যান্ডিং মেঃবোর্ড/৯৬/          তারিখঃ--------------------------

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হইল ঃ-

১। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃঃআঃ সহকারী পরিচালক, সমন্বয়) ।
৩। মহা হিসাব রক্ষক ( বেসামরিক ), বাংলাদেশ, ঢাকা ।
৪। পরিচালক/, প্রশাসন, /অর্থ/চিকিৎসা শিক্ষা/, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ।
৫। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়, এজিবি ভবন, [illegible] সেগুনবাগিচা, ঢাকা ।
৬। জেলা হিসাব রক্ষন কর্মকর্তা, ----------------------------------------
৭। থানা হিসাব রক্ষন কর্মকর্তা, ----------------------------------------

স্বাক্ষর/-
( অধ্যাপক এ, বি, এম, আহসান উল্লাহ)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমুহ)
স্বাস্থ্য অধিদপ্তর,
মহাখালী, ঢাকা- ১২১২ ।

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর, ঢাকা ।

স্মারক নং পিডি/ডব্লিউ ডি-২/৯৪/৯৮ (৮৪)

তারিখঃ- ২৬ জুন'৯৮ ইং ।
২ আষাঢ় ১৪০৫ বাং ।

প্রেরকঃ- ব্রিগেডিয়ার মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
কারা মহা পরিদর্শক ।

প্রাপকঃ- ১। কারা উপ-মহা পরিদর্শক,
সকল বিভাগ ।

২। সিনিয়র তত্ত্বাবধায়ক,
সকল কেন্দ্রীয় কারাগার ।

৩। তত্ত্বাবধায়ক,
সকল জেলা/থানা কারাগার ।

বিষয়ঃ- সরকারী কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী সংক্রান্ত স্বাস্হ্য পরীক্ষা স্বঃস্বঃ সিভিল সার্জনের মাধ্যমে সম্পন্ন করা প্রসংগে ।

আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহনের জন্য সরকারী কর্মকর্তা/কর্মচারীদের চাকুরী সংক্রান্ত স্বাস্হ্য পরীক্ষার বিষয়ে স্বাস্হ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত স্মারক নং স্বাঃ অধিঃ/ স্ট্যান্ডিং মেঃ বোর্ড/৯৫/১৫(৬৪) তারিখ ৪-১-৯৬ ইং ও নং স্বাঃ অধি/ মেঃ বোর্ড/৯৮/২৭৮৭ তারিখঃ- ১৪-৫-৯৮ ইং এর অনুলিপি এতদসংগে প্রেরন করা হইল ।

অতএব, উপরোল্লিখিত স্মারকদ্বয়ের মাধ্যমে প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী বিষয়ীভূত ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহন করার জন্য আপনাকে অনুরোধ করা যাইতেছে ।

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক,
ফোনঃ- ৯৫ ৬৫ ৭৮ ৩ (দপ্তর)

স্মারক নং পিডি/ডব্লিউ ডি-২/৯৪/ ৯৮ /১(৫)

তাং- ২৬ জুন'৯৮ ইং ।
২ আষাঢ় ১৪০৫ বাং ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহনের জন্য প্রেরন করা হইল ।

১। প্রশাসনিক কর্মকর্তা/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ, কারা অধিদপ্তর, ঢাকা ।

২। ভারপ্রাপ্ত সহকারী দপ্তর সংস্হাপন শাখা, কারা অধিদপ্তর, ঢাকা ।

৩। গার্ড ফাইল ।

মোঃ ওয়ালিউর রহমান চৌধুরী
ব্রিগেডিয়ার
কারা মহা পরিদর্শক ।

তত্ত্বাবধায়কের কার্যালয়
ডায়েরী নং ৯৬৭৭
তাং ২৯/৬/৯৮
জেলা কারাগার

অতিরিক্ত সচিব
যুগ্ম-সচিব (আনসার/পুলিশ/রাজনৈতিক)
অতিরিক্ত সচিব
যুগ্ম-সচিব (আইন ও পরি/নিরা ও বহি/প্রশাসন)
পি এস
স্বাক্ষর: তারিখ:

সচিব মহোদয়ের দপ্তর
ডায়েরী নং ২২৭
০৯/৪/১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
সশস্ত্র বাহিনী বিভাগ
অপারেশন্স ও পরিকল্পনা পরিদপ্তর
ঢাকা সেনানিবাস

টেলিফোনঃ ৯৮৩৪৩৩২
ফ্যাক্সঃ ৯৮৩৪৩৯৯/৭৮১১৮৬০
ই-মেইলঃ gso1_jtops@afd.gov.bd

০৬.০০.০০০০.০০২.০৭৭(এয়ার).০৩.১৩/৩৭৬ 09 এপ্রিল ২০১৩

**জরুরী সরকারী প্রয়োজনে বিমান বাহিনীর পরিবহন বিমান/হেলিকপ্টার সহায়তা প্রসংগে**

সূত্রঃ

ক। Service Aircraft Passage Regulation, 1979 dated 28 June 1979.

খ। সশস্ত্র বাহিনী বিভাগ, অপারেশন্স ও পরিকল্পনা পরিদপ্তর পত্র নং ২১৫১/অপস্/এয়ার/৩৪৫ তারিখ ২৩ জুন ২০০২।

১। বাংলাদেশের অভ্যন্তরে সামরিক বাহিনীসহ দেশী ও বিদেশী ভিভিআইপি/ভিআইপি এবং অন্যান্য অতিথিগণের জরুরী সরকারী সফরের প্রয়োজনে দেশের যে সকল স্থানে সড়ক/রেলপথ/নৌপথে যাতায়াত দুরুহ, দূর্গম ও অনুন্নত সে সকল স্থানে আকাশপথে গমনাগমনের লক্ষ্যে প্রাপ্যতা (Availability) সাপেক্ষে বিমান বাহিনীর পরিবহন বিমান/হেলিকপ্টার সহায়তা প্রদান করা হয়ে থাকে। ইদানিং পরিলক্ষিত হচ্ছে যে, যেদিন হেলিকপ্টার সহায়তা প্রয়োজন তার মাত্র ২/৩ দিন এবং কোন কোন ক্ষেত্রে মাত্র ১ দিন আগে অনুরোধ পত্র প্রেরণ করা হচ্ছে। এত অল্প সময়ের মধ্যে হেলিকপ্টার সহায়তা প্রক্রিয়াকরণ করা দূরুহ ব্যাপার। এখন হতে জরুরী রোগী পরিবহন এবং প্রকৃত Emergency ব্যতীত অন্যান্য ক্ষেত্রে বিষয়টি প্রক্রিয়াকরণের জন্য নূন্যতম ১৫ (পনের) কার্য দিবস পূর্বে নিম্নবর্ণিত তথ্যাদিসহ চাহিদা প্রেরণের/নিশ্চিতকরনের জন্য স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/বাহিনী সদর দপ্তরকে অনুরোধ করা হলো। অনুরোধ প্রেরণের সময় নিম্নবর্ণিত বিষয়সমূহ উল্লেখ করতে অনুরোধ করা হলোঃ

ক। কে ব্যবহার করবেন।

খ। যাত্রী সংখ্যা মোট কতজন হবে।

গ। কি কাজে ব্যবহার করা হবে।

ঘ। রুট (কোন কোন স্থান সফর এবং কোথায় অবতরণ করবেন ইত্যাদি)।

ঙ। ভ্রমনের তারিখ ও সময়।

চ। অন্য কোন সামগ্রী (যেমন ত্রান সামগ্রী/ঔষধ ইত্যাদি) সাথে বহন করলে বিস্তারিত বিবরণ (যথা প্যাকেট, ওজন ইত্যাদি)।

ছ। বিদেশী কোন সংস্থা কর্তৃক ভিডিও/চলচিত্র/টিভি ক্যামেরাম্যান সাথে থাকলে তারা কতগুলি ক্যামেরা/অন্যান্য সরঞ্জাম সাথে বহন করবে তার বিস্তারিত বিবরণ।

জ। হেলিকপ্টার উড্ডয়ন ব্যয়ভার কোন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ব্যক্তি কর্তৃক বহন করা হবে।

২। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

জে এম ইমদাদুল ইসলাম
লেঃ কর্ণেল
প্রিন্সিপাল স্টাফ অফিসারের পক্ষে

বিতরণঃ অপর পাতায়



E:\Air Sec Fuled- 2013\77(Air).03.13 - Policy File\Ltr fwd to Ministry for Nec info of Hel or ac Sp dt 04 Apr 2013.doc